



বাংলাদেশ ব্যাংক

**ইএসএফ এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি খাতে প্রকল্প স্থাপনের  
নিমিত্তে EOI গ্রহণ, প্রকল্প প্রস্তাবনা, মূল্যায়ন ও মঞ্জুরী সম্পর্কিত গণবিজ্ঞপ্তি।**

সর্বসাধারণকে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ইইএফ সার্কুলার নং-৩৫/২০১৮, তারিখঃ ০৫.০৮.২০১৮ এর সূত্রে ইএসএফ এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি এবং আইসিটি খাতে প্রকল্প স্থাপনের নিমিত্তে গত ১২.০৮.২০১৮ তারিখ হতে EOI গ্রহণ শুরু হয়েছে। খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতভুক্ত প্রকল্পের জন্য ৳ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ১ম সংলগ্নী ভবন, ৮ম তলা ঢাকায় EOI দাখিলের নির্দেশনা রয়েছে এবং আইসিটি খাতের প্রকল্প স্থাপনের জন্য নগদ ৳ ৫,০০০ (পাঁচ হাজার) টাকার বিনিময়ে EOI ফরম ও এতদসংশ্লিষ্ট নিয়মাচার সংগ্রহপূর্বক তা পূরণ করতঃ ইইএফ উইং, আইসিবি, ৬২/৩, পুরানা পল্টন, এনএসসি টাওয়ার, ১৩-১৪ তলা, ঢাকা-১০০০ ঠিকানায় জমাদানের নির্দেশনা রয়েছে। পরবর্তী পর্যায়ে সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নের জন্য মূল্যায়নকারী প্রতিষ্ঠান (ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং সোনালী ইনভেস্টমেন্ট লিঃ) কে ৳ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা প্রদানের প্রয়োজন হবে। ESF হতে ঋণের জন্য উক্ত ৳ ১,০৫,০০০ (৳ ১,০০,০০০+ ৳ ৫,০০০) টাকার অতিরিক্ত আর কোন ব্যয়ের সংশ্লেষ নেই। এতদ্ব্যতীত উক্ত মূল্যায়নকারী প্রতিষ্ঠানসমূহ ব্যতীত অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে ইইএফ/ইএসএফ এর কোন সংশ্লিষ্টতাও নেই। ESF হতে ঋণের জন্য কেউ অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে অন্য কোনরূপ আর্থিক লেনদেন করলে তার দায় দায়িত্ব ESF কর্তৃপক্ষ বহন করবে না।

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন-৯৫৩০২১২

e-mail: parimal.chakraborty@bb.org.bd